

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি বিশ্ববিদ্যালয় (শাখা-১)
Web site : www.moedu.gov.bd


নং-শিম/শা:১৮/বা:কৃ:বি:-১/২০০৬(অংশ)/১৮৪

তারিখ: ০১ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
১৫ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর ড: নেছার আহমেদকে কানাডার University of British Columbia-তে Visiting Scientist হিসেবে কাজ করার জন্য পূর্ব লিয়েনের সংযোজনে আগামী ২১/০৬/২০১৭ হতে ২০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত (২য় বৎসর) ১ (এক) বছরের লিয়েন মঞ্জুরসহ নিম্নোক্ত শর্তে কানাডা গমন ও অবস্থানের অনুমতি প্রদান করতে সরকার সম্মত হয়েছে :

- ক) এ বিদেশ গমনে বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
 - খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাকে বিধি মোতাবেক ছুটি মঞ্জুর করবে;
 - গ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর সাথে প্রয়োজনীয় চুক্তি সম্পাদন করবে এবং মন্ত্রণালয়কে অবহিত করবে;
 - ঘ) লিয়েন শেষে বিশ্ববিদ্যালয়ের কাজে যোগদান না করলে তাঁর প্রাপ্য পেনশন ও প্রভিডেন্ট ফান্ডের সমুদয় স্থিতি হতে বিশ্ববিদ্যালয়ের ক্ষতিপূরণের টাকা কর্তন করবে;
 - ঙ) ছুটি শেষ হওয়ার সাথে সাথে তিনি দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
 - চ) লিয়েন/ছুটিকালীন সময় তিনি বিশ্ববিদ্যালয় থেকে কোন প্রকার বেতন ভাতাদি পাবেন না;
 - ছ) তাঁর অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে কোন বিঘ্ন সৃষ্টি হবে না, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ-কে তা নিশ্চিত করতে হবে;
 - জ) বিশ্ববিদ্যালয় হতে লিয়েনের সুপারিশ করত: তাঁর সব দায়দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের উপর বর্তাবে;
 - ঝ) উক্ত ছুটি সিডিকিট কর্তৃক অনুমোদিত হওয়ার পর অনুমোদনের একটি কপি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(আবদুস সাত্তার মিয়া)
সহকারী সচিব (স:বি:-১)
ফোন : ৯৫৭২১৮৫ (অনুরোধে)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। ড: নেছার আহমেদ, প্রফেসর, ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৮। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(এ আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)